গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থতলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১১.০১.০০১.২১-৩৯

তারিখ: ২৩ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ
০৬ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ

# বিশেষ গণবিজ্ঞপ্তি - ২০২২

সমগ্র দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদরাসা, কারিগরি ও ব্যবসায় ব্যবস্থাপনা) সমূহের প্রবেশ পর্যায়ে এনটিআরসিএ-এর ৩য় গণবিজ্ঞপ্তির ধারাবাহিকতায় নিম্নেবর্ণিত শূন্য পদ পূরণের লক্ষ্যে শিক্ষক হতে আগ্রহী নিবন্ধনধারী প্রার্থীদের নিকট থেকে নিম্নলিখিত শর্তে অনলাইন আবেদন (e-Application) আহবান করা হচ্ছে :

১। **শূন্য পদের বিবরণ :**

| শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | পদের ধরণ | | মোট |
|---|---|---|---|
| | এমপিও | নন-এমপিও | |
| স্কুল, কলেজ, মাদরাসা, কারিগরি ও ব্যবসায় ব্যবস্থাপনা | ১২৮০৭ | ২৩৫৬ | ১৫১৬৩ |

২। শূন্য পদের বিষয় ও পদভিত্তিক তালিকা **এনটিআরসিএ'র ওয়েবসাইট www.ntrca.gov.bd এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েবসাইট** http://ngi.teletalk.com.bd-এ ০৭.০২.২০২২খ্রিঃ তারিখে প্রকাশ করা হবে।

৩। আবেদনকারীকে আবশ্যিকভাবে এনটিআরসিএ কর্তৃক সংশ্লিষ্ট বিষয়ে নিবন্ধনধারী এবং সমন্বিত মেধা তালিকাভুক্ত হতে হবে। এছাড়া মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ থেকে জারিকৃত সর্বশেষ জনবল কাঠামো অনুযায়ী প্রার্থীদের কাম্য শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন হতে হবে।

৪। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুযায়ী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে বিভিন্ন পদের জন্য নিম্নরুপ শিক্ষাগত যোগ্যতা বিশেষভাবে অনুসরণীয়ঃ-

৪.১। সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) **স্কুলের** ক্ষেত্রে নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম):

(ক) কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/তথ্য প্রযুক্তি ((আই.টি)/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে স্নাতক/সমমান অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ৩ (তিন) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-কম্পিউটার সায়েন্স ডিগ্রি অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান ও বি.এড. ডিগ্রিসহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত প্রতিষ্ঠান হতে ০১ (এক) বছর মেয়াদি অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স ইন কম্পিউটার টেকনোলজি।

(খ) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/আই.সি.টি. বিষয়সহ স্নাতক ডিগ্রি/সমমান অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমানসহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত প্রতিষ্ঠান হতে ০১ (এক) বছর মেয়াদি অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স ইন কম্পিউটার টেকনোলজি। সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না।

৪.২। সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) **মাদ্রাসার** ক্ষেত্রে নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম): কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রি/সমমান অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-কম্পিউটার সায়েন্স ডিগ্রি/সমমান। সমগ্র শিক্ষা জীবনে যেকোন ১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য।

৪.৩। প্রভাষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) **কলেজ ও মাদ্রাসার** ক্ষেত্রে নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম): স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/আইসিটি বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রি; স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/আইসিটি বিষয়সহ স্নাতক ডিগ্রি এবং ২য় শ্রেণীর স্নাতোকোত্তর ডিগ্রি/সমমান। বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যে কোন ১ টি তে ৩য় শ্রেণী বা সমমান গ্রহণযোগ্য হবে। কেবলমাত্র উপর্যুক্ত শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন নিবন্ধনধারী প্রার্থীগণকে সহকারী শিক্ষক (আইসিটি) এবং প্রভাষক (আইসিটি) পদে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

৫। আবেদনকারীর বয়স **১ জানুয়ারী ২০২০** খ্রিষ্টাব্দ তারিখে ৩৫ বছর বা তার কম হতে হবে। তবে শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ ইনডেক্সধারী প্রার্থী এবং মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগের ৩৯০০/২০১৯ নং মামলার রায় অনুযায়ী **১২.০৬.২০১৮** খ্রিষ্টাব্দ তারিখের পূর্বে যারা শিক্ষক নিবন্ধন সনদ লাভ করেছেন (১ম নিবন্ধন থেকে ১৩শ' নিবন্ধন) তাদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য ।

৬। প্রত্যেক আবেদনের জন্যে আবেদনকারীকে ১০০ টাকা হারে ফি জমা দিতে হবে। নির্ধারিত হারে ফি জমা না দিলে আবেদনটি বাতিল বলে গণ্য হবে।

৭। e-Application:

৭.১। e-Application পূরণ ও ফি জমা প্রদান শুরুর তারিখ ও সময়: **০৮ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি: সকাল ১০.০০ ঘটিকা।**

৭.২। e- Application জমা প্রদানের শেষ তারিখ ও সময়: ২২ **ফেব্রুয়ারি, ২০২২ খ্রি: তারিখ সময় রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত। ২২ ফেব্রুয়ারি, ২০২২ তারিখ রাত ১২.০০ হতে** শুধু Application ID প্রাপ্ত প্রার্থীগণ উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে অর্থাৎ **২৫ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি: তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত** SMS এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন ।

৭.৩। অনলাইনে আবেদন ও ফি জমা দেওয়া সংক্রান্ত নিয়ম টেলিটক বাংলাদেশ লিমিটেড এর **http://ngi.teletalk.com.bd** ওয়েবসাইট এবং **www.ntrca.gov.bd ওয়েবসাইট-এ স্বতন্ত্রভাবে প্রদর্শন করা হয়েছে। এ বিষয়ের একটি নমুনা (ডেমো) টেলিটক বাংলাদেশ লিমিটেড এর http://ngi.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।**

৮। e- Application ফরম পূরণের ক্ষেত্রে আবেদনকারীর নামের বানানসহ অন্যান্য তথ্যাদি শিক্ষক নিবন্ধন পরীক্ষার ফরম পূরণের সময় প্রদত্ত তথ্যের অনুরূপ হতে হবে। নামের বানান অনুরূপ না হলে বা ভুল বানান ব্যবহার করলে কম্পিউটার Processing এ বিভ্রাট ঘটবে যার দায় সংশ্লিষ্ট আবেদনকারীকে বহন করতে হবে।

৯। প্রতিটি পদের জন্য প্রাপ্ত সকল বৈধ আবেদনকারী অনলাইনে সফলভাবে আবেদন পেশ করার পর এনটিআরসিএ'র পক্ষ থেকে স্বয়ংক্রিয়ভাবে একটি SMS পাবেন। এছাড়া আবেদনকারীকে স্ব উদ্যোগে দাখিলকৃত আবেদনের একটি প্রিন্ট কপি সংরক্ষণ করতে হবে।

১০। মহিলা শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে **সহকারী শিক্ষক শরীরচর্চা** পদের জন্য **শুধুমাত্র মহিলা প্রার্থীগণ** আবেদন করতে পারবেন। মহিলা শিক্ষা প্রতিষ্ঠানে পুরুষ প্রার্থীগণের আবেদন গ্রহণযোগ্য নয়। এতদসত্ত্বেও কোন প্রার্থী আবেদন করে উক্ত পদে সুপারিশ প্রাপ্ত হলে তার সুপারিশপত্র বাতিল বলে গণ্য হবে।

১১। যে সকল পদের বিপরীতে 'Female Quota' প্রদর্শিত হবে, সে সকল পদে শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করবেন। অবশিষ্ট সকল পদে পুরুষ-মহিলা উভয় প্রার্থী আবেদন করতে পারবেন।

১২। নিয়োগ **আবেদন (e-Application)** ফরমটি পূরণের ক্ষেত্রে সতর্কতা অবলম্বনের পরামর্শ প্রদান করা হলো। ফরম পূরণ শেষে একবার আবেদনপত্র **Submit** হয়ে গেলে তা কোন ভাবেই সংশোধনের সুযোগ থাকবে না।

১৩। এনটিআরসিএ কর্তৃক প্রাপ্ত বিষয় ভিত্তিক নিবন্ধন সনদের ভিত্তিতে সনদধারী e-Advertisement এ প্রদর্শিত তার সংশ্লিষ্ট বিষয়/বিষয়সমূহের বিপরীতে তালিকায় বর্ণিত সকল প্রতিষ্ঠানে আবেদন করতে পারবেন। তবে একাধিক প্রতিষ্ঠানের একাধিক পদে আবেদনের ক্ষেত্রে প্রার্থীকে পছন্দের ক্রম উল্লেখ করতে হবে। তার পছন্দের ক্রমানুসারে মেধাক্রম অনুসরণ করে মাত্র একটি পদের বিপরীতে তার নিয়োগ সুপারিশ করা হবে।

১৪। কোন আবেদনকারী প্রার্থীর একই বিষয় এবং একই পর্যায়ের পদে একাধিক সনদ থাকলে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত সনদটি বিবেচনায় নিয়ে ফলাফল প্রক্রিয়াজাত করা হবে। যদি কোন প্রার্থী স্কুল এবং কলেজে আবেদন করে সুপারিশ যোগ্য হন তবে তাকে কলেজ পর্যায়ে অগ্রাধিকার দেওয়া হবে।

১৫। শিক্ষা মন্ত্রণালয় থেকে জারিকৃত সর্বশেষ জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুযায়ী প্রার্থীকে আবশ্যিকভাবে কেবলমাত্র তার **শিক্ষক নিবন্ধন সনদে উল্লেখিত বিষয় সংশ্লিষ্ট পদ ও প্রতিষ্ঠানে** আবেদন করতে হবে। আবেদনকারী মিথ্যা তথ্য প্রদানের মাধ্যমে নিয়োগ সুপারিশ প্রাপ্ত হলে, উক্ত সুপারিশ বাতিলকরণ সহ তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। প্রাপ্ত আবেদনসমূহ সরকারি বিধি-বিধান অনুসরণ করে সমন্বিত জাতীয় মেধা তালিকা হতে মেধার ভিত্তিতে চূড়ান্ত ভাবে নিয়োগ সুপারিশের জন্য বাছাই করে নিয়োগের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান, ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি বরাবর সুপারিশপত্র প্রেরণ করা হবে এবং নির্বাচিত প্রার্থীকে SMS এর মাধ্যমে অবহিত করা হবে। নিয়োগ সুপারিশে বর্ণিত সময় সীমার মধ্যে কোন শিক্ষা প্রতিষ্ঠান সুপারিশকৃত প্রার্থীকে নিয়োগ পত্র প্রদানে ব্যর্থ হলে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সর্বশেষ জনবল কাঠামো ও এমপিও নীতিমালার ১৮.১ (ঘ) অনুচ্ছেদ অনুযায়ী ঐ সকল প্রতিষ্ঠান প্রধানের এমপিও বাতিল করা হবে এবং প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি বাতিল করণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭. মামলা/আইনগত কোন জটিলতার কারণে অনলাইনে প্রকাশিত বিজ্ঞপ্তি (e-Advertisement) এর কোন পদে নিয়োগ সুপারিশ প্রদান সম্ভব না হলে বর্ণিত কারণের জন্য এনটিআরসিএ দায়ী থাকবে না।

১৮. **এমপিও নীতিমালা** অনুযায়ী ইনডেক্সধারী শিক্ষকদের বয়সসীমা শিথিলযোগ্য বিধায় বর্তমানে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে যে সকল শিক্ষক নিবন্ধন সনদধারী হিসেবে কর্মরত রয়েছেন, তারাও অনলাইনে নিয়োগের

জন্য আবেদন করতে পারবেন। তবে তাদের আবেদনসমূহ অন্যান্য প্রার্থীদের ন্যায় সমন্বিত মেধা তালিকার ভিত্তিতে বাছাইপূর্বক নিয়োগ সুপারিশ করা হবে।

১৯। 'সহকারী শিক্ষক (ধর্ম ও নৈতিক শিক্ষা)' পদে চাকুরি প্রত্যাশী আবেদনকারীকে অবশ্যই সে ধর্মের অনুসারী হতে হবে।

২০। প্রতিষ্ঠান প্রধান কর্তৃক দাখিলকৃত শূন্য পদসমূহের চাহিদা সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে সংগৃহীত এবং সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে পুনঃযাচাইকৃত হওয়ায় ভুল চাহিদাজনিত কারণে নিয়োগ সুপারিশে কোন জটিলতার জন্য এনটিআরসিএ কোনভাবে দায়ী থাকবে না।

২১। এই e-Advertisement এর প্রদত্ত যেকোন শর্ত এবং প্রকাশিত বিজ্ঞপ্তি NTRCA যে কোন সময়ে সংযোজন, বিয়োজন ও পরিবর্তন এবং স্থগিতের অধিকার সংরক্ষণ করে।

06.02.2022খ্রিঃ

**(এ বি এম শওকত ইকবাল শাহীন)**
সদস্য (যুগ্মসচিব)
শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান
এনটিআরসিএ, ঢাকা।
**ফোন নং- ০২-৪১০৩১০৪৭।**